

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮৫৮

২৩/ আহার ও খাদ্যদ্রব্য (ﷺ)

পরিচ্ছেদঃ ৪৭, খাওয়ার সময় বিসমিল্লাহ বলা

# باب مَا جَاءَ فِي التَّسْمِيَةِ عَلَى الطَّعَام

#### আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ، مُحَمَّدُ بْنُ أَبَانَ حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ، عَنْ بُدَيْلِ بْنِ مَيْسَرَةَ الْعُقَيْلِيِّ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ، عَنْ أُمِّ كُلْثُومٍ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا أَكَلَ أَحَدُكُمْ طَعَامًا فَلْيَقُلْ بِسْمِ اللَّهِ فَإِنْ نَسِيَ فِي أُوّلِهِ فَأَيْقُلْ بِسْمِ اللَّهِ فَإِنْ نَسِيَ فِي أُوّلِهِ وَآخِرِهِ " .

وَبِهَذَا الإِسْنَادِ عَنْ عَائِشَةَ، قَالَتْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَأْكُلُ طَعَامًا فِي سِتَّةٍ مِنْ أَصِحْابِهِ فَجَاءَ أَعْرَابِيُّ فَأَكَلَهُ بِلُقْمَتَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " أَمَا إِنَّهُ لَوْ سَمَّى لَكَفَاكُمْ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَأُمُّ كُلْثُومٍ هِيَ بِنْتُ مُحَمَّدِ بْنِ أَبِي بَكْرِ الصِيِّقِ رَضِيَ اللَّهُ عَنْهُ .

#### বাংলা

১৮৫৮। আইশা (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমাদের কোন ব্যক্তি খাওয়া শুরু করে তখন যেন সে বিসমিল্লাহি বলে। সে খাওয়ার শুরুতে বিসমিল্লাহ বলতে ভুলে গেলে তবে যেন বলে, "বিসমিল্লাহ ফী আওয়ালিহি ওয়া আখিরহু" (এর শুরু ও শেষ আল্লাহ তা'আলার নামে)।

সহীহ, ইরওয়া (১৯৬৫), তা'লীকুর রাগীব (৩/১১৫-১১৬), তাখরীজ-কালিমুত তাইয়্যিব (১১২)

আইশা (রাঃ) হতে একই সনদে আরো বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সময় তার ছয়জন সাহাবীকে সাথে নিয়ে খাবার খাচ্ছিলেন। এমতাবস্থায় একজন বেদুঈন লোক এসে হাযির হল। সে সবগুলো খাবার দুই গ্রাসেই শেষ করে ফেলল। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ সে যদি 'বিসমিল্লাহ' বলে খাবার খেতে শুরু করত তাহলে তোমাদের সবার জন্যে এই খাবারটুকুই পর্যাপ্ত হত।



এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান সহীহ বলেছেন। উম্মু কুলসুম (রহঃ) হলেন আবৃ বকর সিদীক (রাঃ)-এর ছেলে মুহাম্মাদের মেয়ে।

### **English**

#### Narrated Umm Kulthum:

From 'Aishah that the Messenger of Allah (ﷺ) said: "When one of you eats food, then let him say: 'Bismillah.' If he forgets in the beginning, then let him say: 'Bismillah Fi Awwalihi Wa Akhirih (In the Name of Allah in its beginning and its end.)"

It is narrated with this chain of narration, from 'Aishah who said: "The Prophet (ﷺ) was eating food with six of his Companions. A Bedouin came and ate it in two mouthfuls. So the Messenger of Allah (ﷺ) said: "As for him, had he mentioned (Allah's Name), it would have been enough for all of you."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih. Umm Kulthum is the daughter of Muhammad bin Abi Bakr As-Siddiq, may Allah be pleased with them.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন